

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

সভার স্থান : জেলা প্রশাসকের কার্যালয় এর সম্মেলন কক্ষ  
তারিখ : ১৯ আগস্ট ২০১৮  
সময় : সকাল ১০.০০ ঘটিকা  
সভাপতি : মোঃ এমদাদুল হক চৌধুরী  
জেলা প্রশাসক, নড়াইল

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট ১৯৭৫ এ শাহাদত বরণকারী বঙ্গবন্ধু পরিবারের সকল সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা ও আত্মার মাগফিরাত কামনা করা হয়। ১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে নড়াইল জেলায় গৃহীত সকল কর্মসূচিতে জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সকল সদস্য এবং বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করায় ধন্যবাদ জানানো হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ কমিটির সদস্য-সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল গত ১৫ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে লিপিবদ্ধকৃত কোন বিষয়ে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

২. অতঃপর বিভিন্ন বিভাগের প্রদত্ত কার্যপত্র এবং সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	বিভাগ/দপ্তর	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<b>ক. স্থানীয় সরকার বিভাগ:</b>				
১.	জেলা পরিষদ	সভায় উপস্থিত ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জানান ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি (সাধারণ) বরাদ্দের আওতায় ৬ কোটি ৮৮ লক্ষ ১০ হাজার টাকার ৫৭৬টি প্রকল্প গ্রহণ করা হয়। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৪৭০টি প্রকল্পের অনুমোদন প্রদান করা হয়েছে। অনুমোদিত ২৩৬ টি প্রকল্প ই-টেন্ডারিং পদ্ধতিতে ও ২৩৪ টি প্রকল্প পিআইসি'র মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। ই-টেন্ডারিং পদ্ধতির ২৩৬টি প্রকল্পের কার্যাদেশ প্রক্রিয়াধীন। পিআইসি'র মাধ্যমে ৩৪টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং ২০০টি প্রকল্পের কাজ চলমান আছে। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য দ্রুততার সাথে কাজ করার অনুরোধ জানান।	সরকারি অনুসরণে বজায় রেখে প্রকল্পসমূহ করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, নড়াইল
২.	নড়াইল পৌরসভা	কার্যপত্র পাওয়া যায়নি। সভায় মেয়র বা তাঁর প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা যায়নি।	১. সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে। ২. সভার পূর্বে বিস্তারিত কার্যপত্র প্রেরণ করতে হবে।	মেয়র নড়াইল পৌরসভা

(চলমান অপর পাতা)

